গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
(এস এ শাখা)।
www.sirajganj.gov.bd

স্মারক নং-৩১.৪৩.৮৮০০.০১৮.৩২.০০১.২০. ১৭৪

তারিখ: ২৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

বালুমহালের ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা,২০১১ এর আলোকে বালুমহাল ইজারা দরপত্রে অংশগ্রহণের নিমিত্ত হাল নাগাদ তালিকাভূক্তি/হাল নাগাদ লাইসেন্স নবায়নকৃত/ গ্রহণকারীদের নিকট হতে জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রস্তুতকৃত নিম্নবর্ণিত ক্যালেন্ডার মোতাবেক সিরাজগঞ্জ জেলার বালুমহালসমূহ বাংলা ১৪২৮ সনের ১লা বৈশাখ/লীজ প্রদানের তারিখ হতে ৩০ শে চৈত্র ১৪২৮ পর্যন্ত মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে শর্তাবলীরভিত্তিতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

বালুমহালের নাম ও দরপত্র দাখিলের তারিখ

ক্রমিক নং	বালুমহালের নাম	মৌজার নাম ও আয়তন	বালু উত্তোলন যোগ্য জমির পরিমান	দরপত্র দাখিলের তারিখ			সরকারী মূল্য	সিডিউলের মূল্য
				১ম	২য়	৩য়		
				০৪-০৩-২০২১	২২-০৩-২০২১	০৫-০৪-২০২১		
০১.	কৈগাড়ী দোরতা বালুমহাল সিরাজগঞ্জ সদর	কৈগাড়ী দোরতা ৩১৯.২৬ একর	২১ একর	ঐ	ঐ	ঐ	১,৩০,৮১,০৬৮/-	৪০০০/-
০২.	জিয়ারপাড়া বালুমহাল সিরাজগঞ্জ সদর	জিয়ারপাড়া, ১১.৪৪ একর	১১ একর	ঐ	ঐ	ঐ	৬৮,৫১,৯৮৮/-	৪০০০/-
০৩.	চন্ডাল বয়ড়া বালুমহাল, সিরাজগঞ্জ সদর	চন্ড্রালবয়ড়া, ৪৭.৮০ একর	১৫ একর	ঐ	ঐ	ঐ	৯৩,৪৩,৬২০/-	৪০০০/-
০৪.	রামকান্তপুর বালুমহাল	রামকান্তপুর ৬০.৫৯ একর	৮ একর	ঐ	ঐ	ঐ	৩৯,৮৬,৬১১/-	৩০০০/-
০৫.	এনায়েতপুর বালুমহাল,উল্লাপাড়া	এনায়েতপুর ৪.৯০ একর	৪.৯০ একর	ঐ	ঐ	ঐ	১৫,৩১,৮৫০/-	৩০০০/-
০৬.	কাজিপুর মৌজার বালুমহাল	কাজিপুর ৩৩৩.৯৭ একর	৩৩৩.৯৭ একর	ঐ	ঐ	ঐ	৯৪,৪১,৬৬৭/-	৪০০০/-

ক্যালেন্ডার বর্ণিত কোন বালুমহাল ১ম তারিখে অনুমোদিত হলে পরবর্তী তারিখে ঐ বালু মহালগুলি ইজারা তালিকা হতে বাদ বলে গণ্য হবে। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

শর্তাবলী ঃ

১। হাল নাগাদ লাইসেন্সধারী/নবায়ন ব্যতীত কেহ বালুমহাল দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে না। ক্যালেন্ডার অনুযায়ী দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী, জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর কার্যালয়ের এস এ শাখা এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে স্ব-স্ব উপজেলার দরপত্র সংগ্রহ করা যাবে।

২। ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত তারিখে দুপুর ০১.০০ ঘটিকার মধ্যে দরপত্রসমূহ বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী, জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর কার্যালয় এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে এবং বেলা ৩.৩০ মিনিটে দর দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৩। ইজারা দরপত্রে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ নির্ধারিত তারিখের পূর্ব দিন পর্যন্ত দরপত্র ফরম বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী, জেলা প্রশাসক, সিরাজগঞ্জ ও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে বিজ্ঞপ্তিতে উল্লিখিত বালুমহালের পার্শ্বে বর্ণিত মূল্যে দরপত্র ক্রয় করতে পারবেন। দরপত্র দাখিলের তারিখে কোন দরপত্র ফরম বিক্রয় করা হবে না।

৪। প্রত্যেক দরপত্রে উল্লিখিত দরের ২৫% ভাগ অর্থ জামানত হিসেবে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর অনুকূলে যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে বিডি/পিও/ডিডি/সিডি এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। টেন্ডার দাতার নিজ নাম ব্যতীত অন্যের নামের বিডি/পিও/ডিডি/সিডি জামানত হিসেবে গৃহীত হবে না। ইজারার টাকা জমা দেয়ার পর সর্বোচ্চ দরদাতাকে তার দেয়া জামানত ফেরত দেয়া হবে।

৫। ইচ্ছুক দরপত্র দাতাকে প্রত্যেক বালু মহালের জন্য পৃথক পৃথক ফরমে ও পৃথক পৃথক খামে সীলমোহরকৃত দরপত্র দাখিল করতে হবে। প্রত্যেক দরপত্র ফরমে দরপত্র দাতার নাম ও ঠিকানা সুস্পষ্টভাবে লিখতে এবং স্বহস্তে স্বাক্ষর করতে হবে। প্রস্তাবিত দর অংকে ও কথায় লিখতে হবে। কাটাকাটি, ঘষামাজা বা অস্পষ্ট লেখাযুক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে। এক মহালের দরপত্র ক্রয় করে অন্য মহালের নামে দাখিল্ করা যাবে না। যে নামে দরপত্র ক্রয় করা হবে সেই নাম ব্যতীত অন্য কোন নামে দরপত্র দাখিল করা যাবে না।

৬। দরপত্রের সঙ্গে হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, টি আই এন নম্বরসহ হাল সন পর্যন্ত আয়কর প্রদানের সনদপত্র তফসিলি ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদপত্র (স্থিতির পরিমাণ উল্লেখসহ) ও অভিজ্ঞতা সনদপত্র দাখিল করতে হবে।

৭। প্রতিটি দরপত্রের সঙ্গে আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সংযোজন করতে হবে।

৮। প্রাপ্ত দরপত্রসমূহ বালুমহাল ইজারা প্রদান সম্পর্কিত জেলা কমিটির সভায় যাচাই-বাছাই ও প্রচলিত বিধি বিধান অনুসরণ পূর্বক বালুমহাল ইজারা সম্পর্কে অভিজ্ঞতা ও যোগ্যতা বিবেচনা করে উপযুক্ত সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা অনুমোদনের নিমিত্ত জেলা কমিটির নিকট সুপারিশ করা হবে।

৯। ১ম শ্রেণীর তালিকাভূক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান যে কোন বালুমহালের ইজারা দরপত্রে অংশগ্রহণের যোগ্য হবেন।

১০। দরপত্র অনুমোদিত হওয়ার পর কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে ইজারার সমুদয় অর্থ, দরের ৫% আয়কর ও ১৫% ভ্যাট জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র বাতিলসহ জমাকৃত জমানত বাজেয়াপ্ত করে সরকারী কোষাগারে জমা দেয়া হবে।

১১। দরপত্রের মাধ্যমে ইজারাকৃত বালু মহালটি কোন ক্রমেই সাব লীজ দেয়া যাবে না। সাব লীজ দিলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২। ইজারা গ্রহীতা ইজারা সংক্রান্ত বিষয়ে অথবা ইজারার টাকা জমা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সাথে কোন প্রকার প্রতারনা করলে অথবা কোন রূপ শর্ত ভঙ্গ করলে তার টেন্ডার বাতিল করা হবে এবং কর্তৃপক্ষ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

১৩। সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান এবং ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন সময়ে ইজারা বিষয়ে যে কোন নতুন শর্ত আরোপ, সংযোজন এবং সংশোধন করলে তা কার্যকর হবে।

১৪। উপরোক্ত যে কোন শর্ত ভঙ্গ করলে বা পালনে ব্যর্থ হলে ইজারা বন্দোবস্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল করা হবে এবং ইজারার সমূদয় অর্থ বাজেয়াপ্ত হবে। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন বা সকল টেন্ডার বাতিল বা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। ইজারা গ্রহণকৃত এলাকা ব্যতীত অন্য কোন এলাকা হতে ইজারাদার বালু উত্তোলন করতে পারবে না।

১৬। স্কেচম্যাপের আলোকে বালুমহালের সীমানা নির্ধারণ করে দেয়া হবে। নির্ধারিত সীমার বাইরে থেকে কোনভাবেই বালু উত্তোলন করা যাবে না।

১৭। কার্যাদেশ প্রাপ্তির ০৭ দিনের মধ্যে উত্তোলিত বালু স্তুপ করে রাখার জমির তপশীল দাখিল করতে হবে এবং জমি ভাড়া নেয়া হলে চুক্তিনামা দাখিল করতে হবে। জমির তপশীল দাখিল ব্যতিত বালুমহালের চুক্তিনামা সম্পাদন করা হবে না এবং বালু উত্তোলন করা যাবে না।

১৮। পদ্ধতিগত কারণে বালুমহালের দখল বুঝে দিতে বিলম্ব হলে অতিরিক্ত সময় দাবী করা যাবে না।

২০/২/২০২২

(ড. ফারুক আহাম্মদ)
জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
ও
সভাপতি
জেলা বালু মহাল টেন্ডার কমিটি।
ফোন- ০৭৫১-৬২৩৮৫
ই-মেইল- dcsirajganj@mopa.gov.bd

স্মারক নং-৩১.৪৩.৮৮০০.০১৮.৩২.০০১.২০. ১৭৪/২(৩০)

তারিখ: ২৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

৪। উপজেলা নির্বাহী অফিসার--------------------------- (সকল), সিরাজগঞ্জ।
৫। মেয়র/প্রশাসক-----------------------------পৌরসভা, সিরাজগঞ্জ।
৬। সহকারী কমিশনার (ভূমি)----------------------------(সকল), সিরাজগঞ্জ। ইজারা দরপত্র বিজ্ঞপ্তিটি স্থানীয় হাট বাজার ও গুররুত্বপূর্ণ স্থানে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭। সহকারী কমিশনার, আইসিটি। তাকে বিজ্ঞপ্তিটি জেলার তথ্য বাতায়নে আপলোড করতে অনুরোধ করা হলো।
৮। চেয়ারম্যান-----------------------------ইউনিয়ন পরিষদ-----------------------নোটিশ বোর্ডে টাংগাইয়া ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা------------------------------------এর নিকট উপরোক্ত দরপত্র বিজ্ঞপ্তি জারীর জন্য প্রেরণ করা হলো। বিজ্ঞপ্তি জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট অফিস ও ব্যক্তির নিকট যথাযথভাবে জারী করে জারীর প্রতিবেদন দরপত্র গ্রহণের পূর্বেই অত্রাফিসে ফেরত পাঠানোর অনুরোধ করা হলো।
১০।সম্পাদক-----------------------------পত্রিকা, উপরোক্ত বিজ্ঞপ্তিটি জরুরুভিত্তিতে তাঁর পত্রিকায় ভিতরের পাতায় সংযুক্ত নমুনা মোতাবেক এক দিন প্রচারের ব্যবস্থা গ্রহণ পূর্বক প্রকাশিত পত্রিকার কপি অত্রাফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১১। জনাব --গত বছরের ইজারাদার।

১০/০২/২০২১

রেভিনিউ ডেপুটি কালেক্টর
সিরাজগঞ্জ
ও
সদস্য সচিব
জেলা বালু মহাল টেন্ডার কমিটি।
ফোন- ০৭৫১-৬২১৫৮